# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

মামলা নং- ১০/২০২০

অভিযোগকারী : জনাব সঞ্জয় কুমার ঘোষ, হেড অফ সাপ্লাই চেইন, বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস্ লিমিটেড (বিএসআরএম গ্রুপ অব কোম্পানীজ), আলী ম্যানশন, ১২০৭/১০৯৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।

বনাম

প্রতিপক্ষ : কনভেনার, ওয়াটার ট্রান্সপোর্ট সেল (WTC), সায়হাম স্কাইভিউ টাওয়ার, স্যুট ৫-সি, ৬ষ্ঠ তলা, ১৯৫ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী (পুরাতন ৪৫ বিজয়নগর), ঢাকা-১০০০।

**চূড়ান্ত আদেশের তারিখ : ২৯-১১-২০২১ খ্রিঃ**

কমিশন :

১। জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
২। জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৩। জনাব মোঃ আব্দুর রউফ, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৪। ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৫। জনাব নাসরিন বেগম, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

**বর্ণিত প্রেক্ষাপট, সার্বিক পরিস্থিতি এবং আইনের বিধানাবলী বিশ্লেষণে কমিশন নিম্নরূপ চূড়ান্ত আদেশ প্রদান করেন:**

"১। বিবেচ্য মামলাটি বর্তমান আকার ও প্রকারে চলতে পারে বিধায় মামলাটি দোতরফাসূত্রে, ২নং আদেশে উল্লিখিত পরামর্শসাপেক্ষে, আংশিকভাবে মঞ্জুর করা হলো।

২। প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ৮ এর উপধারা (১) এর দফা (ক) এবং (ঙ) এর বিধানসহ উক্ত আইনের মুখবন্ধে উল্লিখিত বিষয়াবলী প্রতিপালনের উদ্দেশ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ওয়াটার ট্রান্সপোর্ট সেল (WTC) এর কার্যাবলী সংক্রান্ত বিষয় আমলে নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং অধিদপ্তর বরাবরে নিম্নরূপ পরামর্শ প্রদান করেন:

(ক) প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি এবং ব্যবসা-বাণিজ্যের স্বাধীনতাকে নিশ্চিত করার লক্ষ্যে একচেটিয়া নীতির পরিবর্তে উন্মুক্ত বাজার হতে লাইটার জাহাজ ভাড়া নেয়ার সুযোগ দেয়া সমীচীন;

এ বিষয়টি বিবেচনায় নিয়ে নৌ পরিবহন মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে নৌ পরিবহন অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

চলমান পৃষ্ঠা-২

(খ) নৌ পরিবহনের ক্ষেত্রে প্রতিযোগিতামূলক পরিবেশ ও বাজার সৃষ্টির লক্ষ্যে লাইটার জাহাজের ব্যবস্থাপনা ও ভাড়া নির্ধারণের উদ্দেশ্যে ওয়াটার ট্রান্সপোর্ট সেল (WTC) বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য কোন প্রতিষ্ঠানকে আইনের অধীন একটি কাঠামোর মধ্যে আনা প্রয়োজন ও সমীচীন;

সে লক্ষ্যে নৌ পরিবহন মন্ত্রণালয় Inland Shipping Ordinance, 1976 এর section 60 & 82 সহ অন্যান্য বিধান অনুসারে বিধিমালা বা অন্য কোন আইনানুগ দলিল (Legal Instrument) প্রণয়ন এবং জারির লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে পারে।

আদেশের সত্যায়িত ফটোকপি সদয় অবলোকনের জন্য বাণিজ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনীয় কার্যার্থে নৌ পরিবহন মন্ত্রণালয় এবং নৌ পরিবহন অধিদপ্তর বরাবরে কমিশনের সচিবের মাধ্যমে প্রেরণের ব্যবস্থা নেয়া হোক।"

| | | | | |
|---|---|---|---|---|
| স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | (বহি বাংলাদেশ ছুটিতে) | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- |
| ২৯-১১-২০২১ | ২৯-১১-২০২১ | মোঃ আব্দুর রউফ | ২৯-১১-২০২১ | ২৯-১১-২০২১ |
| নাসরিন বেগম | ড. এ এফ এম মনজুর কাদির | সদস্য | জি. এম. সালেহ উদ্দিন | মোঃ মফিজুল ইসলাম |
| সদস্য | সদস্য | | সদস্য | চেয়ারপার্সন |